তোমার শেষের গানের রেশ নিয়ে কানে    চলে এসেছি ।
        কেউ কি তা জানে ॥
    তোমার আছে গানে গানে গাওয়া,
    আমার কেবল চোখে চোখে চাওয়া—
মনে মনে মনের কথাখানি    বলে এসেছি    কেউ কি তা জানে ॥
    ওদের নেশা তখন ধরে নাই,
        রঙিন রসে প্যালা ভরে নাই ।
    তখনো তো কতই আনাগোনা,
    নতুন লোকের নতুন চেনাশোনা—
ফিরে ফিরে ফিরে-আসার আশা   দ'লে এসেছি    কেউ কি তা জানে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail